



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ

শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৮ মার্চ ২০২৩

বাউবিতে ‘মহানায়কের জন্মদিনে’ শীর্ষক আলোচনা সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে “মহানায়কের জন্মদিনে” শীর্ষক অনলাইন আলোচনা সভা ১৭ মার্চ ২০২৩ শুক্রবার সন্ধ্যায় ৭:৩০ টা জুম ওয়েবিনারে অনুষ্ঠিত হয়।



আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি তাঁর বক্তব্যে শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা এবং শিশু দিবসে সকল শিশুদের প্রতি ভালোবাসা জানান। উপাচার্য বলেন বঙ্গবন্ধুকে ছেলে বেলায় তার বাবা মা আদর করে খোকা বলে ডাকতেন। বঙ্গবন্ধু ছোট বেলা থেকেই ছিলেন প্রতিবাদী ও মানুষের প্রতি দরদী। উপাচার্য সকল স্তরের পাঠ্য বইয়ে বঙ্গবন্ধুর জীবনী অন্তর্ভুক্ত করার কথা বলেন। বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করলে অনেক আগেই সোনার বাংলা গড়ে তোলা যেত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর পিতার আদর্শকে ধারণ করে সোনার বাংলা বাস্তবায়নে স্মার্ট বাংলাদেশ গড়ার ঘোষণা দিয়েছেন। নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ সম্পর্কে জানাতে এবং বঙ্গবন্ধুকে মনে প্রাণে ধারণ করার আহবান জানান উপাচার্য।

অনলাইন আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত থেকে বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল।

অনলাইন আলোচনা সভায় আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাউবি'র ওপেন স্কুলে সহযোগী অধ্যাপক ড. ইকবাল হুসাইন। তিনি বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রেই বঙ্গবন্ধুর আদর্শ প্রাসঙ্গিক। নারীর ক্ষমতায়নের ওপর আলোকপাত করেন তিনি। বঙ্গবন্ধু সবসময় দুস্থ, দরিদ্র ও অসহায় নারীদের প্রতি ছিলেন বিশেষভাবে সংবেদনশীল। যৌতুক প্রথার বিরুদ্ধে বঙ্গবন্ধুর বিভিন্ন উদ্যোগ গ্রহণের কথাও উল্লেখ করেন তিনি।

আলোচক হিসেবে সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলে সহকারী অধ্যাপক সানজিদা মুস্তাফিজ তার বক্তব্যে শিশুদের অধিকার নিয়ে কথা বলেন। শিশু প্রিয় বঙ্গবন্ধু শিশুদের কল্যাণে ১৯৭৪ সালে শিশু আইন জারি করেন। এই আইনের মাধ্যমে শিশুদের নাম ও জাতীয়তার অধিকারের স্বীকৃতি দেয়া হয়েছে। তিনি আরও বলেন বঙ্গবন্ধু শিশুদের অবহেলা, শোষণ, নিষ্ঠুরতা, নির্যাতন ও খারাপ কাজ থেকে বিরত রাখার বিষয়ে নিরাপত্তা অধিকার নিশ্চিত করেছেন।

অনলাইনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন বাউবি'র শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম। আলোচনা সভা সঞ্চালনা করেন বাউবি'র শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সাত্তার। অনলাইন আলোচনা সভায় বাউবি'র শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীগণ এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)